গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কলমাকান্দা ,নেত্রকোণা
http://kalmakanda.netrokona.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৭২৪০.০০০.৩৩.০০২. ২৪-২৪৭(২০০) তারিখ: ০৩ মার্চ ২০২৪

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি: ০৩-২০২৪

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলাধীন নিম্ন বর্ণিত হাট-বাজার সমূহ ১৪৩১ বঙ্গাব্দে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/প্রার্থীদের নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র নির্ধারিত মূল্যে জেলা প্রশাসক, নেত্রকোণা, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার(ভূমি), কলমাকান্দা, অফিসার ইন-চার্জ, কলমাকান্দা থানা ও ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কলমাকান্দা শাখা হতে নিম্ন বর্ণিত তারিখে ও শর্তে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে । উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা,নেত্রকোণার অনুকূলে উদ্বৃত মূল্যের ৩০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা, পুলিশ সুপারের কার্যালয়, নেত্রকোণা, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও সহকারী কমিশনার(ভূমি),কলমাকান্দার কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখে দুপুর ১.০০ টার মধ্যে দাখিল করতে হবে এবং একই দিন অপরাহ্ন ০৩.৩০ টার সময় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দাখিলকৃত সকল দরপত্র একত্রিত করে `দরপত্রসমূহ খোলা হবে। অত্র বিজ্ঞপ্তি সংক্রান্ত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জানা যাবে। তাছাড়া অত্র উপজেলা ওয়েব পোর্টাল kalmakanda.netrokona. gov.bd-দেখা যাবে।

### দরপত্র বিক্রয় ও জমা দেয়ার তারিখ

| দরপত্রের বিবরণ | দরপত্র ক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| তৃতীয় বার | ১৮ মার্চ ২০২৪ /০৪ চৈত্র ১৪৩০ বাংলা সন | ১৯ মার্চ ২০২৪/ ০৫ চৈত্র ১৪৩০ বাংলা সন, বেলা ১ টা |

### হাট-বাজারের তফসিল/ হাট-বাজারের নাম ও সরকারি/কাঙ্খিত ইজারা মূল্য

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি/কাঙ্খিত ইজারা মূল্য | দরপত্র ফরমের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | কলমাকান্দা বাজার | কলমাকান্দা | ৯৩,৭০,৪০০/- | ১৯,৪০০/- |
| ০২ | নাজিরপুর বাজার | নাজিরপুর | ১,০৭,৯৯,৬৩৩/- | ২২,২০০/- |
| ০৩ | পাঁচকাঠা বাজার | -ঐ- | ৬০,৫৯৭/- | ৫০০/- |
| ০৪ | গুতুরা বাজার | পোগলা | ৪,২৫,৭৫০/- | ১,৬০০/- |
| ০৫ | শুনই মুজিব নগর | -ঐ- | ৭৮,০৫১/- | ৫০০/- |
| ০৬ | বড়ইউন্দ বাজার | -ঐ- | ১,০৯,৮৮৭/- | ১,০০০/- |
| ০৭ | হাট-গোবিন্দপুর | খারনৈ | ২,১৪,৪৭৩/- | ১,২০০/- |
| ০৮ | বাউসাম বাজার | -ঐ- | ৬,৫৫,৬১০/- | ২,০০০/- |
| ০৯ | সিধলী বাজার | কৈলাটি | ২০,৫৩,৯২৭/- | ৪,৮০০/- |
| ১০ | শ্যামপুর বাজার | -ঐ- | ১৩০৭/- | ৫০০/- |
| ১১ | পাগলা বাজার | -ঐ- | ১,২৩,১৪৮/- | ১,০০০/- |
| ১২ | পাঁচগাও বাজার | রংছাতি | ১২,৫৪,৬১৬/- | ৩,২০০/- |
| ১৩ | ডাইয়ারকান্দা বাজার | -ঐ- | ১,৩২,৮৫৩/- | ১,০০০/- |
| ১৪ | পাঁচগাও নতুনবাজার | -ঐ- | ৬৭,৮৭৫/- | ৫০০/- |
| ১৫ | কৃষ্ণপুর নতুন বাজার | -ঐ- | ১০,৮১২/- | ৫০০/- |

চলমান পাতা-০২

১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলীঃ-

০১. বাংলা ১৪৩১, ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২. দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা-এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রের উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি/কাঙ্খিত মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবেনা।

০৫. এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬. খামের উপর দরপত্রদাতার নাম,ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবেনা। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্হা করবেন।

০৮. প্রত্যেক বাজারের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারাচুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২. ২য় দর দাতার দরপত্রের সাথে সংযুক্ত বিডি নির্দিষ্ট সময় পর্যন্ত জমা থাকবে।

১৩. ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৪. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৫. কোন প্রকার ঘষা-মাজা,কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবেনা।

১৬. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে ইজারার অর্থ হারাহারিভাবে কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৭. ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলা বা অর্থ আদায় আইনে মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৮. চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘিত হলে ইজারা বাতিল করা যাবে।

১৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে উক্ত বিজ্ঞপ্তি সংশোধনসহ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৩/০৩/২৪
(আসাদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কলমাকান্দা,নেত্রকোণা

স্মারক নং-০৫.৪৫.৭২৪০.০০০.৩৩.০০২.২৪- ২৪৭ (২০০) ০৩/০৩/২৪ তারিখ ঃ ০৩ মার্চ, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে ঃ

০১) মাননীয় সংসদ সদস্য-১৫৭, নেত্রকোণা – ১।

০২) জেলা প্রশাসক, নেত্রকোণা।

০৩) পুলিশ সুপার, নেত্রকোণা।

০৪) উপপরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।

০৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কলমাকান্দা, নেত্রকোণা।

০৬) সহকারী কমিশনার(ভূমি), কলমাকান্দা, নেত্রকোণা।

০৭) সভাপতি/সম্পাদক ........................................................................... ।

০৮) উপজেলা ...................................... অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।

০৯) অফিসার ইন-চার্জ, কলমাকান্দা থানা।

১০) চেয়ারম্যান ------------------------- ইউ.পি(সকল). কলমাকান্দা।

১১) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) .................ইউনিয়ন ভূমি অফিস, কলমাকান্দা। উপরোক্ত বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের প্রতিটিবাজারে মাইক ও ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারসহ প্রত্যেক ইজারাদার বরাবর জারী করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১২) জনাব ..............................................................................................

১৩) বিজ্ঞাপন সম্পাদক, দৈনিক ................................................ সংবাদপত্র ......................... । তাকে তার পত্রিকার ভিতরের পাতায় ছোট আকারে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৩/০৩/২৪
উপজেলা নির্বাহী অফিসার
কলমাকান্দা,নেত্রকোণা।
০৩/০৩/২৪